

“আমরা তোমাদেরকে দলে দলে বিচ্ছিন্ন করে এক দলের দ্বারা অপর দলের
শক্তির স্বাদ গ্রহণ করাতে তিনিই সক্ষম” ।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ “আমরা তোমাদেরকে দলে দলে বিচ্ছিন্ন করে এক দলের দ্বারা অপর দলের শক্তির স্বাদ গ্রহণ করাতে তিনিই সক্ষম”।

শিরোনামটি পবিত্র কোরআনের সুরা আন’আমের ৬৫ নম্বর আয়াতের একটি অংশের তরজমা। পুরো আয়াতের অর্থ হচ্ছে , তুমি বলঃ আল্লাহ তোমাদের উর্ধ্বলোক হতে এবং তোমাদের পায়ের তলদেশ হতে শাস্তি প্রেরণ করতে যথেষ্ট ক্ষমতাবান, আমরা তোমাদেরকে দলে দলে বিচ্ছিন্ন করে এক দলের দ্বারা অপর দলের শক্তির স্বাদ গ্রহণ করাতে তিনিই সক্ষম। লক্ষ্য কর! আমি বার বার বিভিন্ন উপায়ে আমার নিদর্শন ও যুক্তি প্রমাণ বর্ণনা করেছি।— উদ্দেশ্য হল যেন বিষয়টিকে তারা জ্ঞানায়ত্ব এবং হৃদয়ঙ্গম করে নিতে পারে।

একটি হাদীসঃ

আহমদ ১/১৭৫ , মুসলিম ২৮৯৫, আহমদ ৩/১০৮

রাসুল(সাঃ) বলেনঃ আমি রবের কাছে ৩টি জিনিসের আবেদন করেছিলাম, ১) পূর্ববর্তী উম্মতদেরকে যে জিনিস ধ্বংস করেছিল আমার উম্মতকে যেন সেভাবে ধ্বংস না করা হয়। ২) শত্রুরা যেন আমাদের উপর জয়যুক্ত হতে না পারে। ৩) আমার

clickhere<http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

উম্মত যেন বিভিন্ন দলে বিভক্ত হয়ে না পড়ে। প্রথম দু'টি মহান রব কবুল করেছেন।
৩য়টি কবুল করেন নাই।

আরেকটি হাদীসঃ

আবু দাউদ ৫/৫, তিরমিযী ৭/৩৯৯, ইবনে মাজাহ্ ২/১৩২২

রাসুল(সাঃ) বলেনঃ আমার উম্মত ৭৩ দলে বিভক্ত হয়ে পড়বে। ১ ফিরকা ছাড়া বাকী
সবগুলোই জাহান্নামী।

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা মহান প্রভুর কাছে কায়মনোবাক্যে দোয়া করি-
হে মওলা পাক পরোয়ারদিগার আমাদেরকে মাহারবানী করে জান্নাতী ফেরকায়
অন্তর্ভুক্ত করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

.....